# কুতুবদিয়া উপজেলা পরিষদ

জেলাঃ কক্সবাজার

www.kutubdia.coxsbazar.gov.bd

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

## কুতুবদিয়া উপজেলা পরিষদের জানুয়ারি/২০২২ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ ফরিদুল ইসলাম চৌধুরী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার। |
| সভার তারিখ | ঃ ২৭/০১/২০২২ খ্রিষ্টাব্দ। |
| সময় | ঃ সকাল- ১১.০০ টা। |
| স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কুতুবদিয়া। |
| সভার উপস্থিতি | ঃ পরিশিষ্ট 'ক ও 'খ'-তে দ্রষ্টব্য। |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ নুরের জামান চৌধুরী গত ২৮ ডিসেম্বর' ২০২১ তারিখ অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। বর্নিত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় উপস্থিত সকলের সম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | **উপজেলা প্রকৌশল অফিসঃ**<br>**ক) আনসার সদস্যের ব্যারাক ও বঙ্গবন্ধু শেখ মুজিব ম্যুরাল নির্মাণঃ** উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের ব্যারাক নির্মাণ এবং উপজেলা পরিষদ চত্বরে "বঙ্গবন্ধু শেখ মুজিব" ম্যুরাল নির্মাণ কাজ আরম্ভ করা হয়েছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের ব্যারাক নির্মাণ কাজ এবং উপজেলা পরিষদ চত্বরে "বঙ্গবন্ধু শেখ মুজিব"ম্যুরাল নির্মাণ কাজ দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি কুতুবদিয়া |
| ০১ | (খ) চলতি ২০২১-২২ অর্থ বছরে উপজেলা সমূহের জন্য উন্নয়ন সহায়তা থোক বরাদ্দের আওতায় গৃহীত স্কীম সমূহের মধ্যে প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়ন যোগ্য কাজের ১ম কিস্তির অগ্রিম ছাড় এবং টেন্ডারের মাধ্যমে বাস্তবায়ন যোগ্য কাজের দরপত্র আহবান প্রক্রিয়াধীন রয়েছে। এবিষয়ে সভায় বিস্তরিত আলোচনা করা হয়। | (খ) গৃহীত স্কীমের কাজ যথাসময়ে সুষ্ঠভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী' কে অনুরোধ করা হয়। | (খ) উপজেলা প্রকৌশলী,এলজিইডি, কুতুবদিয়া |
| | (গ) এলজিইডি, সদর দপ্তর, ঢাকার আদেশক্রমে উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর মৌখিক নির্দেশ ক্রমে কুতুবদিয়া উপজেলা পরিষদ কমপ্লেক্স অভ্যন্তরে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন, ৪টি আবাসিক বাসভবন ও ১টি ডরমেটরী ভবন নির্মাণের অনুকুলে ভুমির মৃর্ত্তিকা পরীক্ষা ও ডিজিটাল টপোগ্রাফিক সার্ভে সম্পন্ন করার জন্য কোটেশন আহ্বান করা হয়েছে। এব্যাপারে বিস্তরিত আলোচনা করা হয়। | (গ) বর্ণিত ভবন সমূহের মৃর্ত্তিকা ও ডিজিটাল টপোগ্রাফিক সার্ভে পরীক্ষা সম্পন্ন করে এলজিইডি'র সদর দপ্তরে প্রেরণ করার জন্য উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ করা হয়। | (গ) উপজেলা প্রকৌশলী,এলজিইডি, কুতুবদিয়া |
| | (ঘ) উপজেলা চেয়ারম্যান মহোদয়ের মৌখিক নির্দেশক্রমে বড়ঘোপ বাজারের অভ্যন্তরিন (১) মাছের সেড ও মাংসের সেড এর দক্ষিণ পার্শ্বে চলাচল রাস্তায় পানি নিষ্কাশনের ড্রেইন মেরামত ও নির্মাণ কাজের অনুকুলে-৫,৩৮,০০০/- টাকা এবং (২) বড়ঘোপ বাজার পান বাজার রোড আরসিসি দ্বারা উন্নয়ন কাজের অনুকুলে-৫,০৩,০০০/- টাকার দুটি প্রাক্কলন সভায় উপস্থাপন করা হয়। এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | (ঘ) বর্ণিত স্কীমের অনুকুলে উপস্থাপিত প্রাক্কলন সর্বসম্মতভাবে অনুমোদন করা হলো। প্রাক্কলিত উপজেলা পরিষদ হাট-বাজার উন্নয়ন তহবিল হতে নির্বাহ করা হবে। স্কীম সমূহের কাজ স্থানীয় কোটেশনের মাধ্যমে সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ করা হয়। | (ঘ) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী,এলজিইডি, কুতুবদিয়া |
| | (ঙ) কুতুবদিয়া উপজেলা পরিষদের মালিকানাধীন জায়গায় দোকান ঘর/বাণিজ্যিক মার্কেট নির্মাণের জন্য মন্ত্রণালয়ের নির্দেশক্রমে প্রস্তাবিত মার্কেটের ড্রয়িং/ডিজাইন প্রস্তুত বাবত=১৭,০০০/= টাকা ব্যয় হয়। যার ভাউচার সভায় উপস্থাপন করা হয়। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ঙ) উপজেলা পরিষদের মালিকানাধীন জায়গায় দোকান ঘর/বাণিজ্যিক মার্কেট নির্মাণের জন্য মার্কেটের ড্রয়িং/ডিজাইন প্রস্তুত বাবত-১৭,০০০/- টাকা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | (ঙ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী,এলজিইডি, কুতুবদিয়া |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০২ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসঃ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, টিআর-কাবিখা বরাদ্দের কাজ চলমান রয়েছে। কর্মসংস্থান কর্মসূচীর বিল প্রেরণ করা হয়েছে। ভূমিহীনদের বাড়ি নির্মাণ কাজ এবং একটি বীর নিবাস নির্মাণ কাজ চলমান রয়েছে। অপর একটি বীর নিবাসের সুবিধাভোগীর নাম পরিবর্তন করতে হবে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:<br>ক) টিআর/কাবিখা প্রকল্পের কাজ যথাযথভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) বীর নিবাস প্রকল্পের কাজ সঠিক ভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ক-খ) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৩ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসঃ-**<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, ১৫০০০ শিক্ষার্থীকে কোভিড-১৯ এর ১ম ডোজ দেয়া হয়েছে। আগামী ২৯/০১/২০২২ তারিখে বাদ পড়া শিক্ষার্থীদের টিকা দেয়া হবে। করোনার উপসর্গ দেখা দিলে সাথে সাথে টেস্ট করার বিষয়ে উদ্বুদ্ধ করার জন্য স্থানীয় জনপ্রতিনিধিদের অনুরোধ জানান। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, স্বাস্থ্য ও তিনি ডিসেম্বর/২০২১ মাসের প্রতিবেদন নিম্নোক্তভাবে পেশ করেন: শিশুটিকা- ৪২৯,হার- ১১৯%, পেন্টা ১ম ডোজ- ৪১৬, অর্জিত হার- ১১৫%, পেন্টা ২য় ডোজ- ৪৩৪, অর্জিত হার- ১২১%, পেন্টা ৩য় ডোজ- ৪৬৩, অর্জিত হার- ১২৯%, হাম অর্জিত সংখ্যা- ৪৯৬, অর্জিত হার- ১৩৮%, বর্হিঃবিভাগের মোট রোগী- ৪১২৭ জন (পুরুষ- ১১৭০, মহিলা- ১৫৭৫, শিশু- ১৩৮২), অন্তঃবিভাগে ভর্তি রোগী- ২০৫১ জন (পুরুষ- ২৬৬, মহিলা- ৮৬২, শিশু- ৯২৩), জরুরী বিভাগ- ৫৩৩ জন (পুরুষ- ১৩৭, মহিলা- ১৭৮, শিশু- ২১৮) শয্যা ব্যবহারের হারঃ ১৩২%, হাসপাতালে মৃত রোগী- ০২জন, প্রসব পূর্ব চেক আপ: ৩১৫ জন, নিরাপদ প্রসব- ৫৯টি, প্রসব পরবর্তী চেকআপ-১০৫টি, মোবাইল সেবা- ১৯৭জন, মাইনর সার্জারী- ২৪৫জন, স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম-হাসপাতাল সভা- ৮টি (পুরুষ- ৩১৫, মহিলা- ৪২৩), কমিউনিটি ক্লিনিকে সেবা প্রাপ্ত রোগীর সংখ্যাঃ ৬৮২৩জন। কোভিড-১৯ টিকাদানের জন্য রেজিষ্ট্রেশন- ৬৮,৮১৬ জন। কোভিড-১৯ টিকা প্রদানের তথ্য ২৬/০১/২০২২ইং তারিখ পর্যন্ত: (১) ১ম ডোজ টিকা প্রদান- ৬৬,৭৫৮ জন ও ২য় ডোজ টিকা প্রদান- ৪৮,৫০৩জন। হাসপাতালে করোনা টিকা কার্যক্রম চলমান রয়েছে। ২য় ডোজ দেয়ার ৬ মাস পর ৩য় ডোজ(বুষ্টার ডোজ) দেয়া যাবে। এছাড়াও সকল দপ্তরের সেবা গ্রহীতাদের টিকা গ্রহণের বিষয়টি নিশ্চিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>আলোচনায়, চেয়ারম্যান, দক্ষিণ ধূরুং ইউপি জানান, গ্রামীন জনসাধারনের স্বাস্থ্যসেবা, পরিবার পরিকল্পনা সেবা, পুষ্টিসেবা সহ বিভিন্ন সেবা গ্রহণ সহজী করনের লক্ষ্যে দক্ষিণ ধূরুং ইউনিয়নের ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড (সাবেক ৩ নং ওয়ার্ড) এর জন্য একটি কমিউনিটি ক্লিনিক স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>ক) ১২-১৮ বছর বয়সী সকল শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকা প্রদান নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>খ) সরকারি সুবিধাভোগী ও স্থানীয় জনসাধারণের কোভিড-১৯ টিকা গ্রহন নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>গ) দক্ষিণ ধূরুং ইউনিয়নের ৭, ৮ ও ৯নং ওয়ার্ডে (সাবেক ৩নং ওয়ার্ড) একটি কমিউনিটি ক্লিনিক স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ক) উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া<br>খ) উপজেলার সকল দপ্তর প্রধানগণ<br>গ) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কুতুবদিয়া/ চেয়ারম্যান, দক্ষিণ ধূরুং ইউপি |
| ০৪ | **উপজেলা কৃষি অফিসঃ**<br>উপজেলা কৃষি কর্মকতার প্রতিনিধি, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, কুতুবদিয়া' কে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৫ | **উপজেলা মৎস্য অফিসঃ**<br>উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি জানান, সরকার কর্তৃক গত ০১ নভেম্বর থেকে আগামী ৩০ জুন পর্যন্ত জাটকা আহরণ, পরিবহন, মজুত, ক্রয়-বিক্রয় ও বাজারজাতকরণ সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। জাটকা নিধন বন্ধে অভিযান ও মোবাইল কোর্ট চলমান থাকবে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে সরকারি আদেশ মোতাবেক ০১ নভেম্বর থেকে আগামী ৩০ জুন পর্যন্ত জাটকা আহরণ, পরিবহন, মজুত, ক্রয়-বিক্রয় ও বাজারজাতকরণ সম্পূর্ণ নিষিদ্ধ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৬ | **উপজেলা প্রাণি সম্পদ অফিসঃ**<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান, আগামী ১৬ তারিখ প্রাণি সম্পদ প্রদর্শনী মেলা আয়োজনের প্রস্তুতি নেয়া হচ্ছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যহত জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কুতুবদিয়া'কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কুতুবদিয়া |

CamScanner

<table>
<tr><td>০৭</td><td><u>উপজেলা সমাজ সেবা অফিসঃ</u><br>উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি জানান, ১৫বছরের উর্ধ্বে সকল ভাতাভোগীদের কোভিড-১৯ টিকা গ্রহণের বিষয়টি নিশ্চিত করার ব্যবস্থা নেয়া হচ্ছে। কুতুবদিয়া উপজেলায় বীর মুক্তিযোদ্ধাদের জন্য বরাদ্দপ্রাপ্ত ২টি "বীর নিবাস" এর মধ্যে কর্তৃপক্ষের আপত্তির কারণে ১টি বীর নিবাস নির্মাণ করা সম্ভব হচ্ছে না। তাই উক্ত বীর নিবাস নির্মাণের জন্য নতুন সুবিধাভোগী নির্বাচন করা প্রয়োজন। এছাড়াও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন।</td><td>৭/ক) কুতুবদিয়া উপজেলায় বরাদ্দ প্রাপ্ত বীর নিবাস সমুহ বাস্তবায়নের জন্য যথাযথ প্রক্রিয়ায় সুবিধাভোগী নির্বাচনসহ কাজ সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৭/খ) জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>ক-খ) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কুতুবদিয়া</td></tr>
<tr><td>০৮</td><td><u>উপজেলা শিক্ষা অফিসঃ</u><br>উপজেলা শিক্ষা কর্মকর্তা, তাঁর বিভাগীয় কার্যক্রম যথানিয়মে পরিচালিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন।</td><td>বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া</td></tr>
<tr><td>০৯</td><td><u>পরিবার পরিকল্পনা অফিসঃ</u><br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক তাঁর অফিসের দাখিলকৃত ডিসেম্বর/২০২১ মাসের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেনঃ মোট সক্ষম দম্পতি- ২৪৬৫৮, পদ্ধতি গ্রহীতা- ১৯১৫৪ (চলতি মাসেঃ খাবার বড়ি- ১০৬, কনডম- ২৯, ইনজেকশন- ৭০, আইইউডি- ০৮, ইমপ্লানন- ৪২, স্থায়ীপদ্ধতি (পুরুষ-০, চলতি মাসে-১জন) সিএআর- ৭৭.৬৮%, নিবন্ধিত মোট গর্ভবর্তীর সংখ্যা- ৩৪৮, সাধারণ রোগীর সেবা- ১২৯৫ (পুরুষ-৯৭,মহিলা-১১৯৮), গর্ভকালীন সেবা- ৩৬৭, গর্ভোত্তর সেবা-৩৭৮, জীবিত জন্মের সংখ্যা মোট- ১০৯ (প্রশিক্ষণ প্রাপ্ত ব্যক্তি দ্বারা- ৮১, প্রশিক্ষণবিহীন ব্যক্তিদ্বারা- ২৮), শিশু সেবা(০-৫)- ১৫৭৫জন, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব-৮১টি। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে উপস্থিত কর্মকর্তা জানান ।</td><td>জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুতুবদিয়া</td></tr>
<tr><td>১০</td><td><u>উপজেলা পল্লী উন্নয়ন অফিসঃ</u><br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান তিনি সদ্য উপজেলায় যোগদান করেন। দাপ্তরিক কাজ গতিশীল করার চেষ্টা করা হবে। আগামী ৩০/০১/২০২২ইং হতে ২টি ব্যাচে প্রশিক্ষণ আয়োজন করা হবে। এছাড়াও জানুয়ারি/২০২২ মাসের অগ্রগতির প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><td>ক্রঃ নং</td><td>কার্যক্রম</td><td>বার্ষিক লক্ষমাত্রা</td><td colspan="3">অগ্রগতি</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>মাসে</td><td>বছরে</td><td>ক্রমবর্ধিত</td></tr>
<tr><td>১</td><td>সমিতি/দল গঠন</td><td>১০</td><td>৪</td><td>৯</td><td>১৮০</td></tr>
<tr><td>২</td><td>সদস্য ভর্তি</td><td>২৮১</td><td>৪০</td><td>১৫২</td><td>৪০৭৭</td></tr>
<tr><td>৩</td><td>শেয়ার আদায়</td><td>০.৫৬</td><td>০.০২</td><td>০.১৪</td><td>১০.৬৮</td></tr>
<tr><td>৪</td><td>সঞ্চয় আদায়</td><td>৪.৭২</td><td>০.০৮</td><td>২.৫৬</td><td>৩৫.৩৫</td></tr>
<tr><td>৫</td><td>ঋণ বিতরণ</td><td>১১৮.০০</td><td>-</td><td>২৩.৭৫</td><td>৮০৭.২৯</td></tr>
<tr><td>৬</td><td>ঋণ আদায়</td><td>১২৮.৫২</td><td>১.৯১</td><td>২২.৯৯</td><td>৬৫৬.০৫</td></tr>
<tr><td>৭</td><td>প্রশিক্ষণ প্রদান</td><td>১৪০জন</td><td>৩০জন</td><td>৩০জন</td><td>৯৫০জন</td></tr>
<tr><td>৮</td><td>প্রাঃসঃ সমিতির বার্ষিক সভা সম্পাদন</td><td>৮৫টি</td><td>০৪টি</td><td>৩৪টি</td><td>-</td></tr>
<tr><td>৯</td><td>নির্বাচন সম্পাদন</td><td>১৫টি</td><td>০১টি</td><td>০৮টি</td><td>-</td></tr>
<tr><td>১০</td><td>অডিট সম্পাদন</td><td>৮৫টি</td><td>০৩টি</td><td>১০টি</td><td>-</td></tr>
<tr><td>১১</td><td>প্রদর্শনী খামার</td><td>১২টি</td><td>-</td><td>-</td><td>০৬টি</td></tr>
<tr><td>১২</td><td>বীজ ও চারা বিতরন</td><td>৪০-২৭০</td><td>-</td><td>-</td><td>১০০জন</td></tr>
<tr><td>১৩</td><td>খানা জরীপ</td><td>২০০</td><td>২৫০</td><td>৫৮০</td><td>১০৩৬</td></tr>
</table></td><td>জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কুতুবদিয়া</td></tr>
<tr><td>১১</td><td><u>উপজেলা সমবায় অফিসঃ</u><br>উপজেলা সমবায় কর্মকর্তা জানান, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন।</td><td>জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, কুতুবদিয়া</td></tr>
<tr><td>১২</td><td><u>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিসঃ</u><br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, বরাদ্দকৃত নলকুপ স্থাপন কাজ চলমান রয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে নতুনভাবে তারা গভীর, গভীর ও অগভীর নলকুপের বরাদ্দ পাওয়া গেছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</td><td>বিস্তারিত আলোচনান্তে বরাদ্দকৃত গভীর নলকুপ স্থাপন কাজ দ্রুত সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে অনুরোধ করা হয়।</td><td>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কুতুবদিয়া</td></tr>
<tr><td>১৩</td><td><u>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসঃ</u><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান, উপজেলায় এসএসসি পরীক্ষার পাশের হার-৯২.৭৯% এবং দাখিল পরীক্ষায় পাশের হার-৮৭.৪৭%। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে।</td><td>বিস্তারিত আলোচনান্তে সকল শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর টিকা প্রদান নিশ্চিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার'কে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া</td></tr>
<tr><td>১৪</td><td><u>উপজেলা রেঞ্জ অফিসঃ</u><br>উপজেলা রেঞ্জ কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি।</td><td>মাসিক সভায় নিয়মিত উপস্থিত থেকে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য উপজেলা রেঞ্জ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা রেঞ্জ কর্মকর্তা, কুতুবদিয়া</td></tr>
</table>

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৫ | <u>উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ</u><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। | জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা' কুতুবদিয়া |
| ১৬ | <u>উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ</u><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। | জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কুতুবদিয়া' কে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কুতুবদিয়া |
| ১৭ | <u>উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের অফিস ঃ</u><br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুতুবদিয়া সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থেকে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুতুবদিয়াকে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুতুবদিয়া |
| ১৮. | <u>বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো)ঃ</u><br>আবাসিক প্রকৌশলী, বিউবো, কুতুবদিয়া, জানান, শতভাগ বিদ্যুতায়ন প্রকল্পের আওতায় সাবমেরিন ক্যাবল স্থাপন কাজের চুক্তি সম্পন্ন হয়েছে। আগামী মাসে কাজ শুরু হবে। সাব-ষ্টেশন নির্মাণের জন্য ভূমি চিহ্নিত করা হয়েছে, অধিগ্রহণ কাজসহ বিদ্যুতের নতুন খুটি স্থাপন কাজ চলমান রয়েছে। গাছ কাটার পর ক্যাবল টানা হবে। তিনি আরো জানান, আলী আকবর ডেইল ইউনিয়নের বায়ু বিদ্যুৎ প্রকল্পের পশ্চিমে বেড়ীবাধ মেরামত করার সময় বায়ু বিদ্যুৎ প্রকল্পের কয়েকটি খুটি ক্ষতিগ্রস্থ হয়েছে। ফলে ফাউন্ডেশনসহ খুটি হেলে পড়েছে। এবিষয়ে উর্ধতন কর্তৃপক্ষকে লিখিত ভাবে অবহিত করা হয়েছে। বর্ণিত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) কুতুবদিয়া উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন প্রকল্পের কাজের অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করার জন্য জন্য আবাসিক প্রকৌশলী, বিউবো, কুতুবদিয়া'কে অনুরোধ করা হয়।<br><br>খ) বেড়ীবাধ নির্মানের সময় বায়ু বিদ্যুৎ প্লান্টের যেন ক্ষতি না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-বিভাগীয় প্রকৌশলী, বাপাউবো, কুতুবদিয়া'কে অনুরোধ করা হয়। | ক) আবাসিক প্রকৌশলী, বিউবো, কুতুবদিয়া<br><br>খ) উপ-বিভাগীয় প্রকৌশলী, বাপাউবো, কুতুবদিয়া |
| ১৯. | <u>বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো)ঃ</u><br>উপ-বিভাগীয় প্রকৌশলী, বাপাউবো, কুতুবদিয়া জানান, উপজেলার বিভিন্ন অংশের ৮.৭৪০কিঃমিঃ ঝুঁকিপূর্ণ বেড়ীবাঁধ মেরামতের জন্য উর্ধতন কর্তৃপক্ষের বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে। জরুরী মেরামত কাজ চলমান রয়েছে। কিছু অংশে লবন চাষ থাকায় মাটি সংগ্রহে সমস্যা হচ্ছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিভাগীয় আলোচনায়, জনাব আওরঙ্গজেব মাতব্বর, সভাপতি, উপজেলা আওয়ামীলীগ জানান, বর্ষার পূর্বে ইমার্জেন্সি ওয়ার্ক সম্পন্ন করা প্রয়োজন এবং বার্ম ঠিক রেখে বেড়ীবাধের জন্য মাটি সংগ্রহ করার অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনান্তে বেড়ীবাধ মেরামত কালীন মাটি সংগ্রহের সময় যাতে সাধারণ লোকজনের ঘরবাড়ি ও সরকারি সম্পদের ক্ষতি না হয় সেদিকে লক্ষ্য রেখে বেড়ীবাধের কাজ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-বিভাগীয় প্রকৌশলী, বাপাউবো, কুতুবদিয়া' কে অনুরোধ করা হয়। | উপ-বিভাগীয় প্রকৌশলী, বাপাউবো, কুতুবদিয়া |
| ২০. | <u>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক ঃ</u><br>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুতুবদিয়া তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুতুবদিয়া' কে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুতুবদিয়া |
| ২১. | <u>তথ্য আপা প্রকল্পঃ</u><br>তথ্য আপা কর্মকর্তা, তথ্য কেন্দ্র, কুতুবদিয়া জানান, জানুয়ারি/২০২২ মাসে প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক ৪টি উঠান বৈঠক সম্পাদিত হয়েছে। উপজেলা তথ্য কেন্দ্রের ডিসেম্বর/২০২১ মাসের সেবা গ্রহীতার লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এছাড়াও স্বাস্থ্যবিধি মেনে স্বাস্থ্যসেবা প্রদান চলমান রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নির্দেশনা অনুযায়ী বিনা মূল্যে কোভিড-১৯ ভ্যাক্সিন নিবন্ধন চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ উঠান বৈঠকে স্থানীয় চেয়ারম্যান/ জনপ্রতিনিধিদের উপস্থিতি নিশ্চিত করার জন্য তথ্যসেবা কর্মকর্তা, তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প, কুতুবদিয়াকে অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য কেন্দ্র, কুতুবদিয়া |
| ২২. | <u>পল্লী জীবিকায়ন প্রকল্প(পজীপ) ঃ</u><br>উপজেলা পজীপ কর্মকর্তা, কুতুবদিয়া তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ ১০০% খেলাপী ঋণ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা জন্য উপজেলা পজীপ কর্মকর্তা, কুতুবদিয়া' কে অনুরোধ করা হয়। | উপজেলা পজীপ কর্মকর্তা, কুতুবদিয়া |
| ২৩. | <u>উপজেলা আনসার ও ভিডিপি অফিসঃ</u><br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কুতুবদিয়া সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থেকে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা'কে অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কুতুবদিয়া |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২৪ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ**<br>**ক) ৪র্থ পর্যায়ে (২০১৯-২০২০) গৃহীত উপ-প্রকল্প বাস্তবায়নঃ**<br>জনাব জামাল উদ্দিন, ইউডিএফ জানান, ইউজিডিপি প্রকল্পের আওতায় ৪র্থ পর্যায়ে (২০১৯-২০২০) গৃহীত ০৬টি সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়াও অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের মধ্যে কুতুবদিয়া স্বাস্থ্য কমপ্লেক্সে ডিজিটাল এক্স-রে মেশিন সরবরাহ কাজের রি-টেন্ডার আহ্বানের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>(২২/ক) ৪র্থ পর্যায়ে (২০১৯-২০২০) গৃহীত ০২টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের কাজ সহসা টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে যথাসময়ে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ করা হয়। | ২২/ক) উপজেলা প্রকৌশলী,এলজিইডি কুতুবদিয়া |
| | **খ) ৫ম পর্যায়ে (২০২০-২০২১) গৃহীত উপ-প্রকল্প বাস্তবায়নঃ**<br>জনাব জামাল উদ্দিন, ইউডিএফ জানান, ইউজিডিপি প্রকল্পের আওতায় ৫ম পর্যায়ে (২০২০-২০২১) প্রাপ্ত বরাদ্দের বিপরীতে গত ৩০/০৯/২০২১ইং তারিখে অনুষ্ঠিত পরিষদের মাসিক সভার সিদ্ধান্তক্রমে গৃহীত ০৬টি সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প এবং ০১টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য চূড়ান্ত অনুমোদন পাওয়া গিয়াছে এবং সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য অগ্রিম অর্থ ছাড় করা হয়েছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২২/খ) ৫ম পর্যায়ে (২০২০-২০২১) বরাদ্দ প্রাপ্ত ১০ লক্ষ টাকার বিপরীতে গৃহীত ৬টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প এবং ৪০ লক্ষ টাকার বিপরীতে ০১টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২২/খ) উপজেলা প্রকৌশলী,এলজিইডি কুতুবদিয়া/ ইউডিএফ, ইউজিডিপি,কুতুবদিয়া |
| | গ) জনাব জামাল উদ্দিন, ইউডিএফ জানান, উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে উপজেলা পরিষদের ১৭টি ও ইউনিয়ন পরিষদের ১৩টি স্থায়ী কমিটি সমুহের সভা এবং ইউডিসিসি সভা নিয়মিত ভাবে আয়োজন করে সংশ্লিষ্ট সকলের নিকট সভার কার্যবিবরণী প্রেরণ করার অনুরোধ জানান। এছাড়াও উপজেলা ও ইউনিয়ন পরিষদের সিটিজেন চার্টার পরিষদের সামনে টাঙ্গানো ও ওয়েব পোর্টালে আপলোড করা এবং বার্ষিক ও পঞ্চবার্ষিকী বাজেট ওয়েব পোর্টালে আপলোডসহ ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২২/গ) পরিষদের কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে স্থায়ী কমিটির মিটিং নিয়মিতভাবে আয়োজন করার এবং সকল তথ্য ওয়েব পোর্টালে আপলোড ও নিয়মিত হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ২২/গ) উপজেলা প্রকৌশলী,এলজিইডি কুতুবদিয়া/ ইউডিএফ, ইউজিডিপি,কুতুবদিয়া |
| ২৫ | **উপজেলা পরিষদঃ**<br>**ক) উপজেলা পরিষদের মালিকানাধীন জায়গায় মার্কেট নির্মানঃ**<br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কুতুবদিয়ার প্রতিনিধি জানান, কুতুবদিয়া উপজেলা পরিষদের মালিকানাধীন জায়গায় দোকান ঘর/বাণিজ্যিক মার্কেট নির্মাণের নিমিত্তে ২,৬৭,০২,১৮৬/= টাকার প্রাক্কলন ও মার্কেটের ডিজাইনসহ প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) বিস্তারিত আলোচনান্তে, কুতুবদিয়া উপজেলা পরিষদের মালিকানাধীন জায়গায় দোকান ঘর/ বাণিজ্যিক মার্কেট নির্মাণ কাজের অগ্রগতি আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি'কে অনুরোধ করা হয়। | ক) উপজেলা প্রকৌশলী,এলজিইডি কুতুবদিয়া |
| | **খ) বাসা বরাদ্দ/ভাড়া আদায় প্রসঙ্গেঃ**<br>উপজেলা পরিষদ নিয়ন্ত্রণাধীন আবাসিক কোয়ার্টার ও ডরমেটরী ভবনের ভাড়া নিয়মিত আদায় ও বরাদ্দ ছাড়া কোয়ার্টার/ডরমেটরীতে অবস্থানরত কর্মকর্তা/কর্মচারীদের নামে বরাদ্দ প্রদানসহ বকেয়া ভাড়া আদায়ের ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | খ) বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন আবাসিক কোয়ার্টারে অবস্থানরত কর্মকর্ম/কর্মচারীদের নিয়মিত ভাড়া পরিশোধ নিশ্চিত করাসহ খালি বাসা/ডরমেটরীর সিট বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | খ) উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী,এলজিইডি কুতুবদিয়া |
| | **গ) উপজেলা পরিষদের জীপ গাড়ী মেরামত সংক্রান্তঃ**<br>কুতুবদিয়া উপজেলা পরিষদের জীপ গাড়ীর বডির নিচের অংশ, চেসিস ও দরজা মেরামত এবং রং করণ কাজ স্থানীয় কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। | গ) বিস্তারিত আলোচনান্তে, স্থানীয় ওয়ার্কসপের মাধ্যমে কাজ বাস্তবায়নের নিমিত্তে কোটেশন আহ্বানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে নিম্নোক্ত উপ-কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১. উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া -আহ্বায়ক<br>২. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ -সদস্য<br>৩. উপজেলা প্রকৌশলী, এলজিইডি---সদস্য | গ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার,কুতুবদিয়া |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২৬. | <u>উন্মুক্ত আলোচনাঃ</u><br>১) জনাব আব্দুল হালিম, চেয়ারম্যান, উত্তর ধুরুং ইউপি জানান, উত্তর ধুরুং গাউছিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি পুনঃ গঠনের প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:<br>১) গাউছিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি পুনঃ গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া |
| | ২) জনাব আলা উদ্দিন আল আজাদ, চেয়ারম্যান, দক্ষিণ ধুরুং ইউপি ধুরুং বাজার উন্নয়নের জন্য স্কীম গ্রহণের প্রস্তাব করেন। | ২) ধুরুং বাজার উন্নয়নের জন্য সরেজমিনে পরিদর্শন পূর্বক অগ্রাধিকার ভিত্তিতে স্কীম গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ২) উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী,এলজিইডি |
| | ৩) জনাব আকতার হোসেন, চেয়ারম্যান, লেমশীখালী ইউপি জানান, অতিরিক্ত লবন বোঝাই গাড়ী চলাচলের ফলে গ্রামীণ রাস্তার ব্যাপক ক্ষতি হচ্ছে। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | ৩) গ্রামীণ সড়কে অতিরিক্ত লবন বোঝাই গাড়ি চলাচল নিয়ন্ত্রনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩) উপজেলা নির্বাহী অফিসার/ ইউপি চেয়ারম্যানগণ |
| | ৪) জনাব মোহাম্মদ আজমগীর মাতবর চেয়ারম্যান, কৈয়ারবিল ইউপি জানান, ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স জরুরী মেরামত করা প্রয়োজন। এছাড়াও পিলটকাটা খালের অবৈধভাবে দখলকৃত জায়গা মুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান। | ৪) কৈয়ারবিল ইউপি চেয়ারম্যান কর্তৃক উপস্থাপিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | ৪) উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া |
| | ৫) জনাব আবুল কালাম, চেয়ারম্যান, বড়ঘোপ ইউপি জানান, দায়িত্ব গ্রহণের পর উপজেলা পরিষদের মাসিক সভায় প্রথম যোগদান। সকলের সহযোগিতা কামনা করেন। | ৫) জনাব আবুল কালাম, চেয়ারম্যান, বড়ঘোপ ইউপি'কে সভার পক্ষ থেকে স্বাগত জানানো হয়। | ৫) সংশ্লিষ্ট সকল |
| | ৬) সহকারী কমিশনার (ভূমি), কুতুবদিয়া জানান, ওয়ারিশ সনদ প্রদানের ক্ষেত্রে ইউপি চেয়ারম্যানগণকে আরো সর্তক থাকা প্রয়োজন এবং প্যানেল চেয়ারম্যানের মাধ্যমে ওয়ারিশ সনদ ইস্যু না করার জন্য অনুরোধ জানান। | ৬) যথাযথ যাচাই বাছাইয়ের মাধ্যমে ওয়ারিশ সনদ প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | ৬) ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২৫. | <u>বিবিধঃ-মাসিক সভায় উপস্থিতি নিশ্চিত করণ প্রসঙ্গেঃ</u><br>উপজেলা নির্বাহী অফিসার জানান, সকল দপ্তরের কার্যক্রম মাসিক সভায় তুলে ধরাসহ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাদের উপস্থিতি শতভাগ নিশ্চিত করা প্রয়োজন। কিন্তু অনেকে বিভিন্ন অজুহাতে মাসিক সভায় অনুপস্থিত থাকে। যা মোটেও কাম্য নয়। এছাড়াও কোন কর্মকর্তা ছুটিতে গেলে তা পরিষদকে অবহিত করতে হবে। এবিষয়ে উপস্থিত সকলে একমত পোষন করেন। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদের মাসিক সমম্বয় সভা সহ যে কোন গুরুত্বপূর্ণ সভায় সকল দপ্তরের কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করার এবং কোন কর্মকর্তা ছুটি থাকলে পরিষদকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |

অতঃপর, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় মাসিক সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে এবং সকলের সু-স্বাস্থ্য কামনা করে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ফরিদুল ইসলাম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
কুতুবদিয়া, কক্সবাজার।

CamScanner

স্মারক নং- ৪৬.৪২.২২৪৫.০০০.০৬.০০১.২০২২-০৫

তারিখ: ২৭/০১/২০২২খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতির জন্যঃ-

০১। মাননীয় সংসদ সদস্য, ২৯৫, কক্সবাজার-২ সংসদীয় আসন, কক্সবাজার
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। জেলা প্রশাসক, কক্সবাজার

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্যঃ-

১। জনাব মোঃ ফরিদুল ইসলাম চৌধূরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া
২। সহকারী কমিশনার (ভূমি), কুতুবদিয়া, কক্সবাজার।
৩। জনাব হুমায়ুন কবির হায়দার, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া
৪। জনাবা হাছিনা আকতার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া
৫। চেয়ারম্যান (সকল), উত্তর ধূরুং/দক্ষিণ ধূরুং/লেমশীখালী/কৈয়ারবিল/বড়ঘোপ/আলী আকবর ডেইল ইউপি, কুতুবদিয়া
৬। উপজেলা.......................................................... অফিসার(সকল), কুতুবদিয়া
৭। সংরক্ষিত মহিলা সদস্য, আসন-১/আসন-২, উপজেলা পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার।
৮। জনাব............................................................... কুতুবদিয়া, কক্সবাজার
৯। সংরক্ষণ নথি।

২৭/১/২২

(মোঃ নুরের জামান চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুতুবদিয়া, কক্সবাজার

CamScanner

## "উপজেলা পরিষদের ২৭/০১/২০২২ ইং তারিখের মাসিক সভায় উপস্থিতি"

### পরিশিষ্ট- "ক"

| ক্রঃ নং | সভায় উপস্থিত সদস্যগণের তালিকা | ক্রঃ নং | সভায় উপস্থিত হস্তান্তরিত দপ্তরের কর্মকর্তাগণের তালিকা |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া | ০১ | উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া |
| ০২ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া | ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৩ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া | ০৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৪ | চেয়ারম্যান, উত্তর ধূরুং ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | ০৪ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৫ | চেয়ারম্যান, দক্ষিণ ধূরুং ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | ০৫ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৬ | চেয়ারম্যান, লেমশীখালী ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | ০৬ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৭ | চেয়ারম্যান, কৈয়ারবিল ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৮ | চেয়ারম্যান, বড়ঘোপ ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | ০৮ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৯ | চেয়ারম্যান, আলী আকবর ডেইল ইউপি, কুতুবদিয়া | ০৯ | উপজেলা সমবায় কর্মকর্তা, কুতুবদিয়া |
| - | | ১০ | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), কুতুবদিয়া |
| - | | ১১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কুতুবদিয়া |
| | | | **উপস্থিত কর্মকর্তার প্রতিনিধি** |
| | | ১২ | উপজেলা কৃষি কর্মকর্তা, কুতুবদিয়ার প্রতিনিধি |
| | | ১৩ | উপজেলা মৎস্য কর্মকর্তা, কুতুবদিয়ার প্রতিনিধি |
| | | ১৪ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কুতুবদিয়ার প্রতিনিধি |
| | | ১৫ | উপজেলা প্রকৌশলী (এল.জি.ই.ডি.),কুতুবদিয়ার প্রতিনিধি |
| | | ১৬ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কুতুবদিয়ার প্রতিনিধি |

### পরিশিষ্ট- "ক" (২)

| ক্রঃ নং | সভায় উপস্থিত আমন্ত্রিত গন্যমান্য ব্যক্তির তালিকা | ক্রঃ নং | সভায় উপস্থিত আমন্ত্রিত কর্মকর্তাগণের তালিকা |
|---|---|---|---|
| ০১ | সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, কুতুবদিয়া উপজেলা শাখা | ০১ | সহকারী কমিশনার (ভূমি), কুতুবদিয়া |
| - | | ০২ | উপ-বিভাগীয় প্রকৌশলী, পাউবো, কুতুবদিয়া |
| - | | ০৩ | আবাসিক প্রকৌশলী, বিউবো, কুতুবদিয়া |
| - | | ০৪ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুতুবদিয়া |
| - | | ০৫ | উপজেলা পজীপ কর্মকর্তা, কুতুবদিয়া |
| - | | ০৬ | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য কেন্দ্র, কুতুবদিয়া |
| - | | ০৭ | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, কুতুবদিয়া |
| - | | | |

### পরিশিষ্ট- "খ"

| ক্রঃ নং | সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা | ক্রঃ নং | সভায় অনুপস্থিত হস্তান্তরিত দপ্তরের কর্মকর্তাগণের তালিকা |
|---|---|---|---|
| | | ০১ | উপজেলা রেঞ্জ কর্মকর্তা, উপকূলীয় বন বিভাগ, কুতুবদিয়া |
| - | | | |

### পরিশিষ্ট- "খ"(২)

| ক্রঃ নং | সভায় অনুপস্থিত আমন্ত্রিত গন্যমান্য ব্যক্তির তালিকা | ক্রঃ নং | সভায় অনুপস্থিত আমন্ত্রিত কর্মকর্তাগণের তালিকা |
|---|---|---|---|
| | | ০১ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুতুবদিয়া |
| - | | ০২ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কুতুবদিয়া |
| - | | ০৩ | সহকারী পরিচালক (সি.পি.পি), কুতুবদিয়া |
| - | | ০৪ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কুতুবদিয়া |
| - | | | |

CS CamScanner

সভার তারিখঃ ২৭/০১/২০২২; ২৮/০২/২০২২; ২৮/০৩/২০২২; ২৮/০৪/২০২২; ২৯/০৫/২০২২;
২৮/০৬/২০২২; ৩১/০৭/২০২২; ৩১/০৮/২০২২; ২৯/০৯/২০২২

মাসিক সভার হাজিরা রেজিষ্টার

| ক্রম | নাম ও পদবী | স্বাঃ তারিখ 27/01/22 | স্বাঃ তারিখ 28/02/22 | স্বাঃ তারিখ 28/03/22 | স্বাঃ তারিখ 28/04/22 | স্বাঃ তারিখ 29/05/22 | স্বাঃ তারিখ 28/06/22 | স্বাঃ তারিখ 31/07/22 | স্বাঃ তারিখ 31/08/22 | স্বাঃ তারিখ 29/09/22 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | ডাঃ [illegible] চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুরুন্দিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | X | [signature] | [signature] | [signature] |
| ০২ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুরুন্দিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৩. | চেয়ারম্যান, [illegible] ইউনিয়ন পরিষদ, কুরুন্দিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৪. | চেয়ারম্যান, দক্ষিণ [illegible] ইউনিয়ন পরিষদ, কুরুন্দিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৫. | চেয়ারম্যান, [illegible] ইউনিয়ন পরিষদ, কুরুন্দিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৬ | চেয়ারম্যান, [illegible] ইউনিয়ন পরিষদ, কুরুন্দিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৭. | চেয়ারম্যান, [illegible] ইউনিয়ন পরিষদ, কুরুন্দিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৮. | চেয়ারম্যান, [illegible] ইউনিয়ন পরিষদ, কুরুন্দিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |

মাসিক সভার হাজিরা রেজিষ্টার

| ক্রম | নাম ও পদবী | স্বাঃ তারিখ 27/01/22 | স্বাঃ তারিখ 28/02/22 | স্বাঃ তারিখ 28/03/22 | স্বাঃ তারিখ 28/04/22 | স্বাঃ তারিখ 29/05/22 | স্বাঃ তারিখ 28/06/22 | স্বাঃ তারিখ 31/07/22 | স্বাঃ তারিখ 31/08/22 | স্বাঃ তারিখ 29/09/22 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, কুরুন্দিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০২. | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, কুরুন্দিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৩. | উপজেলা কৃষি কর্মকর্তা, কুরুন্দিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৪. | উপজেলা মৎস্য কর্মকর্তা, কুরুন্দিয়া | [signature] | [signature] | [signature] | X | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৫. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কুরুন্দিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৬. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কুরুন্দিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৭. | উপজেলা [illegible] কর্মকর্তা, কুরুন্দিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৮. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুরুন্দিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৯. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কুরুন্দিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১০. | উপজেলা শিক্ষা কর্মকর্তা, কুরুন্দিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |

সভার তারিখঃ ২৭/০১/২০২২; ২৮/০২/২০২২; ২৮/০৩/২০২২; ২৮/০৪/২০২২; ২৯/০৫/২০২২; ২৮/০৬/২০২২; ৩১/০৭/২০২২; ৩১/০৮/২০২২; ২৯/০৯/২০২২

